# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 24 June, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) প্রথমবারের মতো আয়োজিত হতে যাচ্ছে 'জাতীয় ইন্টারডিসিপ্লিনারি সম্মেলন-২০২৫'।সম্মেলনে আলোচ্য বিষয় হিসেবে নির্ধারণ করা হয়েছে 'সমসাময়িক বিশ্ব ও সাহিত্যে বহুজাতিকতা, বহুসংস্কৃতিবাদ ও জেন্ডার'। আগামী ২৮ জুন কলা ও মানবিক অনুষদের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের হল রুমে সম্মেলনটি অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার (২৪ জুন) এক সংবাদ সম্মেলনে নিশ্চিত করেছেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. বনানী বিশ্বাস।

আন্তর্জাতিক প্রেক্ষাপটে সাহিত্য, সংস্কৃতি, লিঙ্গ, পরিচয়, এবং অভিবাসন নিয়ে গবেষণা, মতবিনিময় এবং নতুন চিন্তার সুযোগ তৈরি করার জন্য গবেষক, লেখক, স্কলার ও স্নাতকোত্তর শিক্ষার্থীদের অংশগ্রহণের আহবান করা হয়েছে। এই সম্মেলনে অংশগ্রহণের জন্য ইতোমধ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ১০০ জন উপস্থাপক রেজিস্ট্রেশন করেছেন।এর মধ্যে ৭১ জন সম্মেলনে তাদের গবেষণা উপস্থাপনের সুযোগ পাবে।

সংবাদ সম্মেলনে কলা ও মানবিক অনুষদের ডিন ড. অধ্যাপক বনানী বিশ্বাস বলেন, 'আমরা এই প্রথমবার কলা ও মানবিক অনুষদের উদ্যোগে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে একটি জাতীয় সম্মেলনের আয়োজন করেছি। যেখানে কলেজের শিক্ষকদের পাশাপাশি দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা তাদের গবেষণা উপস্থাপনের সুযোগ পাবেন। এই প্রোগামটি সফলভাবে সম্পূর্ণ করার জন্য আমাদের শিক্ষকরা অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে।শিক্ষার্থীরাও খুবই উচ্চাসিত৷

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:11

URL: https://www.timestodaybd.com/public/campus/3644775807